



কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালস (সিবিএলএম)

## রড বাইন্ডিং

লেভেল - ২

মডিউল শিরোনাম-১: রড বাইন্ডিং এর মৌলিক কাজ করা

### Module-1: Performing Fundamental Works of Rod Binding

মডিউল কোড: CBLM- OU-CON-RB-01-L2-V1



জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ  
প্রধানমন্ত্রীর কার্যালয়,  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



## কপিরাইট

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ,

প্রধানমন্ত্রীর কার্যালয়।

১১-১২ তলা, বিনিয়োগ ভবন

ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

ইমেইল: [ec@nsda.gov.bd](mailto:ec@nsda.gov.bd)

ওয়েবসাইট: [www.nstda.gov.bd](http://www.nstda.gov.bd)

ন্যাশনাল স্কিলস পোর্টাল: <http://skillsportal.gov.bd>

এই কম্পিউটার বেজড লার্নিং ম্যাটেরিয়ালটির (সিবিএলএম) স্বত্ব জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর নিকট সংরক্ষিত। এনএসডিএ-এর যথাযথ অনুমোদন ব্যতীত অন্য কেউ বা অন্য কোন পক্ষ এ সিবিএলএমটির কোন রকম পরিবর্তন বা পরিমার্জন করতে পারবে না।

“রড বাইন্ডিং এর মৌলিক কাজ সম্পাদন করা” সিবিএলএমটি এনএসডিএ কর্তৃক অনুমোদিত রড বাইন্ডিং লেভেল - ২ অকুপেশনের কম্পিউটার স্ট্যান্ডার্ড ও কারিকুলামের ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে। এতে রড বাইন্ডিং লেভেল - ২ স্ট্যান্ডার্ডটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় তথ্য সন্নিবেশিত হয়েছে। এটি প্রশিক্ষার্থী, প্রশিক্ষকদের জন্য গুরুত্বপূর্ণ সহায়ক ডকুমেন্ট।

এ ডকুমেন্টটি সংশ্লিষ্ট বিশেষজ্ঞ প্রশিক্ষক/পেশাজীবীর দ্বারা এনএসডিএ কর্তৃক প্রণয়ন করা হয়েছে।

এনএসডিএ স্বীকৃত দেশের সকল সরকারি-বেসরকারি-এনজিও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে রড বাইন্ডিং - ২ কোর্সের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য এ সিবিএলএমটি ব্যবহার করতে পারবে।



## সক্ষমতা ভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা

এই মডিউলে প্রশিক্ষণ উপকরণ ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে বলা হয়েছে। এই কার্যক্রমগুলো প্রশিক্ষণার্থীকে সম্পন্ন করতে হবে। ম্যাশনারীর অন্যতম ইউনিট হচ্ছে “রড বাইন্ডিং মৌলিক কাজ সম্পাদন করা” এই মডিউল সফলভাবে শেষ করলে রড বাইন্ডিং জন্য বিল্ডিং এর মৌলিক উপাদান চিহ্নিত করা, রড বাইন্ডিং কাজের জন্য মালামাল সনাক্ত করা, ড্রয়িং এবং স্পেসিফিকেশন এর ব্যাখ্যা করা, মৌলিক পরিমাপ এবং গননা সম্পাদন করা , কমক্ষেত্রে টুলস ও ইকুইপমেন্ট এবং উপকরণ রক্ষনাকবক্ষন করতে পারবেন। একজন দক্ষ কর্মীর জন্য যে প্রয়োজনীয় জ্ঞান ও ইতিবাচক মনোভাব প্রয়োজন তা এই মডিউলে অন্তর্ভুক্ত রয়েছে।

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশ্লিষ্ট অনুশীলন ও সম্পন্ন করতে হবে।

শিখন কার্যক্রমের ধারা জানার জন্য "শিখন কার্যক্রম" অংশটি অনুসরণ করুন। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্র, তথ্যপত্র, কার্যক্রম পত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তরপত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্যে শিখন কার্যক্রম অংশটি দেখতে হবে। এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করে।

তথ্যপত্রটি পড়ুন। এতে কার্যক্রম সম্পর্কে সঠিক ধারণা এবং সুনির্দিষ্টভাবে কাজ করার ধারণা পাওয়া যাবে। 'তথ্যপত্রটি' পড়া শেষ করে 'সেলফ চেক শিট' এ উল্লেখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে 'সেলফ চেক শিট' সমাপ্ত করুন। 'সেলফ চেক' শীটে দেয়া প্রশ্নগুলোর উত্তর সঠিক হয়েছে কি না তা জানার জন্য 'উত্তর পত্র' দেখুন।

জব শীটে নির্দেশিত ধাপ অনুসরণ করে যাবতীয় কার্য সম্পাদন করুন। এখানেই আপনি নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন।

এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোনো প্রশ্ন থাকলে ফ্যাসিলিটেটরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করে নিশ্চিত হবেন যে, আপনি পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কিনা তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মান এর একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য।



----- তারিখে অনুষ্ঠিত ----- কর্তৃপক্ষ সভায় অনুমোদিত



## সূচিপত্র

কপিরাইট .....	ii
সক্ষমতা ভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা.....	iv
<b>শিখনফল (Learning Outcome) - ১: বেসিক বিল্ডিং উপাদানগুলি সনাক্ত করতে পারবে .....</b>	<b>৩</b>
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities): ১ বেসিক বিল্ডিং উপাদানগুলি সনাক্ত করতে পারবে.....	৫
ইনফরমেশন শিট (Information Sheet) ১: বেসিক বিল্ডিং উপাদানগুলি সনাক্ত করতে পারবে.....	৬
সেলফ চেক (Self Check)- ১: বেসিক বিল্ডিং উপাদানগুলি সনাক্ত কর .....	১৩
উত্তরপত্র (Answer Key) ১: বেসিক বিল্ডিং উপাদানগুলি সনাক্ত কর .....	১৪
টাস্কশিট (Task Sheet)-১.১: রড বাইল্ডিং এর মৌলিক কাজের জন্য নির্দিষ্ট পিপিই সনাক্ত এবং ব্যবহার কর .....	১৫
টাস্কশিট (Task Sheet)-১.২: মডেল বিল্ডিং সংগ্রহ করে এর মৌলিক অংশ চিহ্নিত করে ব্যাখ্যা করণ .....	১৭
টাস্কশিট (Task Sheet)-১.৩: বিল্ডিং এর প্রধান অংশ সমূহ শনাক্ত করে ব্যাখ্যা করণ.....	১৮
স্পেসিফিকেশন শিট (Spesification Sheet)-১.৩: বিল্ডিং এর প্রধান অংশ সমূহ শনাক্ত করে ব্যাখ্যা করণ .....	১৯
<b>শিখনফল (Learning Outcome) - ২: রড বাইল্ডিং কাজের উপকরণগুলো সনাক্ত করতে পারবে.....</b>	<b>২০</b>
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) - ২: রড বাইল্ডিং কাজের উপকরণগুলো সনাক্ত করতে পারবে.....	২২
ইনফরমেশন শিট (Information Sheet) ২ : রড বাইল্ডিং কাজের উপকরণগুলো সনাক্ত করতে পারবে.....	২৩
সেলফ চেক (Self Check)-২: রড বাইল্ডিং কাজের উপকরণগুলো সনাক্ত কর.....	২৭
উত্তরপত্র (Answer Key) - ২.১: রড বাইল্ডিং কাজের উপকরণগুলো সনাক্ত কর .....	২৮
টাস্ক শিট (Task Sheet) ২.১ : রড বাইল্ডিং কাজের জন্য মালামাল সংগ্রহ করে ট্যাগ কর .....	২৯
স্পেসিফিকেশন শিট (Spesification Sheet)-২.১: রড বাইল্ডিং কাজের জন্য মালামাল সংগ্রহ করে ট্যাগ কর.....	৩০
<b>শিখনফল (Learning Outcome) - ৩: ড্রয়িং এবং স্পেসিফিকেশন ব্যাখ্যা করতে পারবে.....</b>	<b>৩১</b>
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)-৩: ড্রয়িং এবং স্পেসিফিকেশন ব্যাখ্যা করতে পারবে.....	৩২
ইনফরমেশন শিট (Information Sheet)-৩: ড্রয়িং এবং স্পেসিফিকেশন ব্যাখ্যা করতে পারবে .....	৩৩
সেলফ চেক (Self Check)-৩: ড্রয়িং এবং স্পেসিফিকেশন ব্যাখ্যা কর.....	৩৬
উত্তরপত্র (Answer Key) -৩: ড্রয়িং এবং স্পেসিফিকেশন ব্যাখ্যা কর.....	৩৭
টাস্কশীট (Task sheet) ৩.১: ড্রয়িং থেকে সাইন, সিম্বল এবং স্পেসিফিকেশন চিহ্নিত কর.....	৩৮
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)- ৩.১: ড্রয়িং থেকে সাইন, সিম্বল এবং স্পেসিফিকেশন চিহ্নিত কর .....	৩৯
<b>শিখনফল (Learning Outcome) - ৪: প্রাথমিক পরিমাপ এবং হিসাবের কাজ সম্পাদন করতে পারবে.....</b>	<b>৪০</b>
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)- ৪: প্রাথমিক পরিমাপ এবং হিসাবের কাজ সম্পাদন করতে পারবে.....	৪২
ইনফরমেশন শিট (Information Sheet) -৪: প্রাথমিক পরিমাপ এবং হিসাবের কাজ সম্পাদন কর .....	৪৩
সেলফ চেক (Self Check)-৪: প্রাথমিক পরিমাপ এবং হিসাবের কাজ সম্পাদন কর.....	৫০
উত্তরপত্র (Answer Key) -৪: প্রাথমিক পরিমাপ এবং হিসাবের কাজ সম্পাদন কর.....	৫১
টাস্ক শিট (Task Sheet)-৪.১: পরিমাপক যন্ত্র সংগ্রহ করে শনাক্ত কর.....	৫২
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)- ৪.১: পরিমাপক যন্ত্র সংগ্রহ করে শনাক্ত করণ .....	৫৩
টাস্ক শিট (Task Sheet)-৪.২: ভার্নিয়ার ক্যালিপার এবং মেজারিং টেপ ব্যবহার করে মাপ গ্রহন কর.....	৫৪
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)- ৪.২: ভার্নিয়ার ক্যালিপার এবং মেজারিং টেপ ব্যবহার করে মাপ গ্রহন কর .....	৫৫

<b>শিখনফল (Learning Outcome) - ৫: টুল, ইকুইপমেন্ট ও কর্মক্ষেত্র পরিষ্কার এবং সংরক্ষণ করতে পারবে</b> .....	৫৬
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)-৫: টুলস ও ইকুইপমেন্ট পরিষ্কার এবং সংরক্ষণ করতে পারবে.....	৫৭
ইনফরমেশন শিট (Information sheet)- ৫: টুলস ও ইকুইপমেন্ট পরিষ্কার এবং সংরক্ষণ করতে পারবে.....	৫৮
সেলফ চেক (Self Check)-৫: টুলস ও ইকুইপমেন্ট পরিষ্কার এবং সংরক্ষণ কর	৬৩
উত্তরপত্র (Answer Key)-৫: টুলস ও ইকুইপমেন্ট পরিষ্কার এবং সংরক্ষণ কর	৬৪
জব শিট (Job Sheet)-৫.১ কাজ শেষে টুলস ও ইকুইপমেন্ট পরিষ্কার এবং সংরক্ষণ কর	৬৫
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)-৫.১ কাজ শেষে টুলস ও ইকুইপমেন্ট পরিষ্কার এবং সংরক্ষণ কর	৬৬
জব শিট (Job Sheet)-৫.২ ওয়ার্কপ্লেনের বর্জ নিষ্কাশন কর	৬৭
স্পেসিফিকেশন শিট (Specification Sheet)-৫.২ ওয়ার্কপ্লেনের বর্জ নিষ্কাশন করা	৬৮
<b>দক্ষতা পর্যালোচনা (Review of Competency)</b> .....	৬৯

## মডিউলের বিষয়বস্তু

ইউ ও সি শিরোনাম	রড বাইন্ডিং এর প্রাথমিক কাজ সম্পন্ন কর
ইউ ও সি কোড	OU-CON-RB-01-L2-V1
মডিউল শিরোনাম	রড বাইন্ডিং এর মৌলিক কাজ করা
মডিউলের বর্ণনা	এই মডিউলটিতে রড বাইন্ডিং এর মৌলিক কাজ করার জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও আচরণ (কেএসএ) সম্পর্কে অন্তর্ভুক্ত করা হয়েছে। এতে কাজের জন্য .বিল্ডিং এর মৌলিক উপাদান চিহ্নিত করা, রড বাইন্ডিং কাজের জন্য মালামাল সনাক্ত করা, ড্রয়িং এবং স্পেসিফিকেশন এর ব্যাখ্যা করা, মৌলিক পরিমাপ এবং গননা সম্পাদন করা, কাজের জায়গা টুলস ও ইকুইপমেন্ট এবং উপকরণ রক্ষণাবেক্ষণ করার প্রয়োজনীয় দক্ষতাসমূহ অন্তর্ভুক্ত রয়েছে।
নমিনাল সময়	৩০ ঘন্টা
শিখনফল	মডিউলটির অনুশীলন শেষ করার পর প্রশিক্ষার্থীরা নিম্নবর্ণিত কাজগুলো করতে সমর্থ হবে। ১. বিল্ডিং এর মৌলিক উপাদান চিহ্নিত করতে পারবে ২. রড বাইন্ডিং কাজের জন্য মালামাল সনাক্ত করতে পারবে ৩. ড্রয়িং এবং স্পেসিফিকেশন এর ব্যাখ্যা করতে পারবে ৪. মৌলিক পরিমাপ এবং গননা সম্পাদন করতে পারবে ৫. কাজের জায়গা টুলস ও ইকুইপমেন্ট সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ করতে পারবে

### অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়া (Assessment Criteria)

১. কাজের প্রয়োজন অনুযায়ী ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (পিপিই) সংগ্রহ ও পরিধান করা হয়েছে
২. মডেল বিল্ডিং কাঠামো সংগ্রহ করা হয়েছে
৩. একটি মডেল বিল্ডিং কাঠামো থেকে প্রধান বিল্ডিং এর উপাদান চিহ্নিত করা হয়েছে
৪. প্রধান বিল্ডিং এর উপাদানের নাম তালিকা করা হয়েছে
৫. প্রধান বিল্ডিং উপাদানের ফাংশন ব্যাখ্যা করা হয়েছে
৬. উপকরণ সংগ্রহ করে আলাদা করে টেবিলে রাখা হয়েছে
৭. উপকরণ চিহ্নিত এবং ট্যাগ লাগানো হয়েছে
৮. উপকরণ ব্যবহার সম্পর্কে ব্যাখ্যা করা হয়েছে
৯. প্রাসঙ্গিক ড্রয়িং চিহ্নিত করা হয়েছে
১০. স্পেসিফিকেশন ব্যাখ্যা করা হয়েছে
১১. ড্রয়িং থেকে শর্তাবলী এবং সংক্ষিপ্ত রূপগুলি প্রাসঙ্গিক ব্যাখ্যা করা হয়েছে
১২. বার সিডিউল ব্যাখ্যা করা হয়েছে
১৩. পরিমাপ ইউনিট ব্যাখ্যা করা হয়েছে
১৪. প্রয়োজন অনুযায়ী পরিমাপক যন্ত্র নির্বাচন করা হয়েছে
১৫. পরিমাপ যন্ত্র ব্যবহার করে বিভিন্ন সেপের পরিমাপ করা হয়েছে
১৬. প্রয়োজনীয় উপকরণ হিসাব করা হয়েছে
১৭. টুলস, ইকুইপমেন্ট প্রস্তুত কারকের নির্দেশ অনুযায়ী পরিষ্কার করা হয়েছে
১৮. ওয়াকশপ এর নিয়ম অনুযায়ী টুলস, ইকুইপমেন্ট এবং মালামাল স্টোর করা হয়েছে

১৯. সমস্যা জনিত টুলস, ইকুইপমেন্ট চিহ্নিত করে স্টোরে আলাদা করে রিপোর্ট করা হয়েছে
২০. কাজের জায়গা পরিষ্কার করা হয়েছে
২১. বর্জ্য পদার্থ নির্দিষ্ট জায়গায় নিষ্পত্তি করা হয়েছে

শিখনফল (Learning Outcome) -১: বেসিক বিল্ডিং উপাদানগুলি সনাক্ত করতে পারবে

অ্যাসেসমেন্ট মানদণ্ড	<ol style="list-style-type: none"> <li>১. কাজের প্রয়োজন অনুযায়ী ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম (পিপিই) সংগ্রহ ও পরিধান করা হয়েছে</li> <li>২. মডেল বিল্ডিং কাঠামো সংগ্রহ করা হয়েছে</li> <li>৩. একটি মডেল বিল্ডিং কাঠামো থেকে প্রধান বিল্ডিং এর উপাদান চিহ্নিত করা হয়েছে</li> <li>৪. প্রধান বিল্ডিং এর উপাদানের নাম তালিকা করা হয়েছে</li> <li>৫. প্রধান বিল্ডিং উপাদানের ফাংশন ব্যাখ্যা করা হয়েছে</li> </ol>
শর্ত ও রিসোর্স	<ol style="list-style-type: none"> <li>১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ</li> <li>২. সিবিএলএম</li> <li>৩. হ্যান্ডআউটস</li> <li>৪. ল্যাপটপ</li> <li>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর</li> <li>৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার</li> <li>৭. ইন্টারনেট সুবিধা</li> <li>৮. হোয়াইট বোর্ড ও মার্কার</li> <li>৯. প্রয়োজনীয় টুলস ও ইকুইপমেন্ট</li> <li>১০. প্রয়োজনীয় ম্যাটেরিয়ালস ও কনজিউমেবলস</li> </ol>
বিষয়বস্তু	<ol style="list-style-type: none"> <li>১. পিপিই</li> <li>২. মডেল বিল্ডিং কাঠামো</li> <li>৩. বিল্ডিংয়ের মৌলিক অংশ             <ul style="list-style-type: none"> <li>▪ স্ল্যাব</li> <li>▪ বীম</li> <li>▪ কলাম</li> <li>▪ লিটেল</li> <li>▪ প্যারপেট ওয়াল</li> <li>▪ ড্রপ ওয়াল</li> <li>▪ শেয়ার ওয়াল</li> <li>▪ সানসেড</li> <li>▪ বেলকনি</li> <li>▪ গ্রেড বীম</li> <li>▪ ফাউন্ডেশন/ভিত্তি</li> <li>▪ ওভারহেড ট্যাংক</li> <li>▪ আন্ডার গ্রাউন্ড রিজার্ভ ট্যাংক</li> <li>▪ সিড়ি</li> </ul> </li> <li>৪. প্রধান বিল্ডিং কম্পোনেন্ট সমূহের ফাংশন</li> </ol>
জব/টাস্ক/অ্যাক্টিভিটি	<ol style="list-style-type: none"> <li>১. মডেল বিল্ডিং কাঠামো শনাক্ত করন।</li> <li>২. বিল্ডিং এর উপাদান শনাক্ত করন।</li> </ol>

	৩. প্রধান বিল্ডিং কম্পোনেন্ট সমূহের ফাংশন ব্যাখ্যা করন।
প্রশিক্ষণ পদ্ধতি	<ol style="list-style-type: none"> <li>১. আলোচনা (Discussion)</li> <li>২. উপস্থাপন (Presentation)</li> <li>৩. প্রদর্শন (Demonstration)</li> <li>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)</li> <li>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)</li> <li>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)</li> <li>৭. সমস্যা সমাধান (Problem Solving)</li> <li>৮. মাথাখাটানো (Brainstorming)</li> </ol>
অ্যাসেসমেন্ট পদ্ধতি	<ol style="list-style-type: none"> <li>১. লিখিত অভীক্ষা (Written Test)</li> <li>২. প্রদর্শন (Demonstration)</li> <li>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning)</li> </ol>

## প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities): ১ বেসিক বিল্ডিং উপাদানগুলি সনাক্ত করতে পারবে

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন কর। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার কর।

প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
১. এই মডিউলটির ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে।	১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “বেসিক বিল্ডিং উপাদানগুলি সনাক্ত করতে পারবে” শেখার উপকরণ প্রদান করবেন।
২. ইনফরমেশন শিট পড়তে হবে।	২. ইনফরমেশন শিট ১: বিল্ডিং এর মৌলিক উপাদান সমূহ চিহ্নিত করতে পারবে।
৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে।	৩. সেক্স-চেক শিট ১ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান কর। উত্তরপত্র ১ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত কর।
৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন।	৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন কর টাস্কশিট ১.১: রড বাইল্ডিং এর মৌলিক কাজের জন্য নির্দিষ্ট পিপিই সনাক্ত এবং ব্যবহার কর। স্পেসিফিকেশন শিট ১.১: রড বাইল্ডিং এর মৌলিক কাজের জন্য নির্দিষ্ট পিপিই সনাক্ত এবং ব্যবহার কর। টাস্কশিট ১.২: মডেল বিল্ডিং সংগ্রহ করে এর মৌলিক অংশ চিহ্নিত করে ব্যাখ্যা কর। স্পেসিফিকেশন শিট ১.২: মডেল বিল্ডিং সংগ্রহ করে এর মৌলিক অংশ চিহ্নিত করে ব্যাখ্যা কর।

## ইনফরমেশন শিট (Information Sheet) ১: বেসিক বিল্ডিং উপাদানগুলি সনাক্ত করতে পারবে

শিখন উদ্দেশ্য (Learning Objective): এই ইনফরমেশন শিট পড়ে শিক্ষার্থীগণ-

- ১.১ পিপিই এর ব্যবহার বর্ণনা করতে পারবে
- ১.২ মডেল বিল্ডিং সম্পর্কে বর্ণনা করতে পারবে
- ১.৩ বিল্ডিংয়ের মৌলিক অংশ চিহ্নিত করতে পারবে
- ১.৪ বিল্ডিংয়ের প্রধান অংশগুলির কার্যকারিতা বর্ণনা করতে পারবে
- ১.৫ পিপিই এর ব্যবহার

### ১.১ পিপিই (Personal Protective equipment, PPE)

সেইফটি ইকুইপমেন্ট (পিপিই) হলো- এমন ধরনের পোশাক, যন্ত্রপাতি বা বস্তু যা একজন ব্যক্তিকে দুর্ঘটনার কারণে ক্ষতির সম্ভাবনা অথবা অসুস্থ হওয়ার ঝুঁকি থেকে রক্ষা করে।

#### পিপিই এর নাম ও ব্যবহার


ম্যাশিনারী এবং রড বাইন্ডিং কাজে ব্যক্তিগত অঙ্গ-প্রত্যঙ্গকে সম্ভাব্য ক্ষয়ক্ষতি বা দুর্ঘটনার হাত থেকে রক্ষায় ব্যবহৃত সেইফটি ইকুইপমেন্ট এর নাম নিম্নে চিত্রসহ দেওয়া হলো-

#### পিপিই এর নাম

		
হ্যান্ড গ্লোভস	সেফটি সু	সেফটি হেলমেট
		
ডাস্ট মাস্ক	এ্যাপ্রোন	সেফটি গগলস
		
	সেফটি বেল্ট	


চিত্র: সেফটি ইকুইপমেন্ট

## ব্যক্তিগত নিরাপত্তা সামগ্রীর ব্যবহার

<p><b>এ্যাপ্রোন</b> কর্মক্ষেত্রে কর্মী খুলা বালি ও বিভিন্ন প্রকার কেমিক্যাল থেকে নিজের শরীরকে রক্ষা করার জন্য সাধারণত এ্যাপ্রোন ব্যবহার করা হয়।</p>	
<p><b>সেফটি গগলস</b> চিপিং, গ্রাইন্ডিং, করাত, হাতুড়ি, বিদ্যুতের সরঞ্জাম থেকে চোখে ধুলো, ময়লা, ধাতু বা কাঠের চিপ প্রবেশ করতে পারে। তাই চোখের সুরক্ষার জন্য গগলস ব্যবহার করা হয়।</p>	
<p><b>সেফটি সু</b> কম্প্রোকশন কাজে বালু সিমেন্ট এবং পানি যাতে পায়ের সমস্যা করতে না পারে তার জন্য সেফটি ব্যবহার করা হয়।</p>	
<p><b>মাস্ক</b> কাজের সময় নাক ও মুখ দিয়ে বিষাক্ত রাসায়নিকের গন্ধ, ধুলাবালি ঢোকা প্রতিরোধ করার জন্য মাস্ক ব্যবহার করা হয়।</p>	
<p><b>সেফটি হেলমেট</b> কর্মস্থলে ঝুলন্ত অবস্থায় নানা প্রকার ঝুঁকি থাকে এই ঝুঁকি থেকে মাথাকে রক্ষা করার জন্য সেফটি হেলমেট ব্যবহার করা হয়।</p>	
<p><b>হ্যান্ডগ্লোভস</b> কম্প্রোকশন কাজ করার জন্য হাতের সুরক্ষায় হ্যান্ড গ্লোভস ব্যবহার করা হয়।</p>	
<p><b>সেফটি বেল্ট</b> ঝুলে কাজ করার সময় নিজেকে বিপদ থেকে রক্ষা করার জন্য সেফটি বেল্ট ব্যবহার করা হয়।</p>	

## ১.২ মডেল বিল্ডিং


মডেল বিল্ডিং বলতে বুঝায় একটি বিল্ডিং যা অস্থায়ী ভাবে তৈরী করা হয় চাইলে যখন তখন ভেঙ্গে ফেলা যায় যা কোন ট্রেনিং এর কাজে ব্যবহার করা যায় যা দেখতে হুবহু আসল বিল্ডিং এর মতো কিন্তু এতে বসবাস করা যায়না।



চিত্র: মডেল বিল্ডিং

## ১.৩ বিল্ডিংয়ের মৌলিক অংশ

- স্ল্যাব
- বীম
- কলাম
- লিন্টেল
- প্যারাপেট ওয়াল
- ড্রপ ওয়াল
- শেয়ার ওয়াল
- সানসেড
- বেলকনি
- গ্রেড বীম
- ফাউন্ডেশন
- ওভারহেড ট্যাংক
- আন্ডার গ্রাউন্ড রিজার্ভ ট্যাংক
- প্যাডেস্টাল
- সিডি



Typical RC Frame Building



চিত্র: বিল্ডিংয়ের মৌলিক অংশ


## ১.৪ বিল্ডিং এর অংশ সমূহের কার্যকারিতা

### ক. ফাউন্ডেশন বা বেজ

একটি বিল্ডিং বা কাঠামোর ভিত্তি বা বেজ হল সেই উপাদান যা এটিকে মাটির সাথে সংযুক্ত করে। এটি নির্মানের একেবারে নীচে অবস্থিত, মাটির সাথে সরাসরি যোগাযোগ করে এবং বিল্ডিং থেকে মাটিতে নিরাপদে লোড স্থানান্তর করতে কাজ করে।




আরসিসি ফাউন্ডেশন বা বেজ




ব্রিক ফাউন্ডেশন বা বেজ

#### খ. কলাম

স্থাপত্য এবং কাঠামোগত প্রকৌশলে কলাম বা স্তম্ভ হল একটি কাঠামোগত উপাদান যা কম্প্রেশনের মাধ্যমে উপরের কাঠামোর ওজন নীচের অন্যান্য কাঠামোগত উপাদানগুলিতে প্রেরণ করে। অন্য কথায়, একটি কলাম একটি কম্প্রেশন সদস্য কলামের মাধ্যমে লোড বেজ এ পৌঁছে দেয়।




আরসিসি কলাম



ব্রিক কলাম

#### গ. বীম

বিল্ডিং নির্মাণের ক্ষেত্রে বীম হল একটি অনুভূমিক সদস্য যা সকল কলামকে আবদ্ধ করে রাখে এবং কাঠামোর লোডকে কলামে স্থানান্তরিত করে।



আরসিসি বীম



স্টীল বীম

#### ঘ. লিন্টেল

লিন্টেল হল একটি প্রাচীরের খোলা অংশের উপরে নির্দিষ্ট স্থানে স্থাপন করা একটি লম্বা ঢালাই, স্টীল অথবা কাঠের কাঠামো। ভবনগুলির প্রবেশ দ্বার এবং জানালার মতো খালি জায়গাগুলির উপরে ব্যবহার করা হয়। লিন্টেল গুলি তাদের উপরের কাঠামোর ওজনকে বহন করে।



আরসিসি লিন্টেল



কাঠের লিন্টেল

### ঙ. সানসেড

বাসার ভিতরে সূর্যের আলো এবং বৃষ্টির পানি যাহাতে সরাসরি প্রবেশ করতে না পারে সে জন্য বিল্ডিং এর বাহিরে জানালার উপর যে বাড়তি ঢালাই দেওয়া হয় তাই সানসেড।

### চ. প্যারপেট ওয়াল

যাএকটি বাড়ীর ছাদের চারিদিকে ঘুরিয়ে নির্দিষ্ট উচ্চতায় বেস্টুনি আকারে থাক যা ছাদের নিরাপত্তা হিসেবে ব্যবহার করা হয়।এতে মানুষ অথবা কোন প্রানী ছাদ থেকে পড়ে না যায় ।



সানসেড

সানসেড




প্যারপেট ওয়াল

### ছ. ড্রপ ওয়াল

ড্রপ ওয়াল সাধারনত বারান্দায় ব্যবহার করা হয় বৃষ্টির পানি যাতে বারান্দায় না ঢুকে তাহার জন্য ড্রপ ওয়াল ব্যবহার করা হয় ।

### জ. শেয়ার ওয়াল

শিয়ার ওয়ালগুলি কাঠামো এবং বস্তুর ক্ষতি কমাতে কাঠামোর প্রভাবকে উল্লেখযোগ্যভাবে হ্রাস করার জন্য শেয়ার ওয়াল ব্যবহার করা হয় ।



ড্রপ ওয়াল



শেয়ার ওয়াল

### ঝ. বেলকনি

অ্যাপার্টমেন্ট হাউসে বারান্দাটি আংশকিভাবে খোলা থাকে যাতে রোদ এবং আশ্রয় বা ছায়া উভয়ই পাওয়া যায়।

### ঞ. গ্রেড বীম

গ্রেড বীম গুলি কলামকে একত্রে সংযুক্ত করতে ব্যবহার করা হয়।



বেলকনি




গ্রেড বীম

### ট. ওভারহেড ট্যাংক

ওভারহেড ট্যাংক সাধারণত ছাদের উপরে বসানো হয়। ছাদের উপরে পানি রিজার্ভ রাখা হয়। বাসাবাড়িতে পানি ব্যবহার করার জন্য ওভারহেড ট্যাংক ব্যবহার করা হয়।

### ঠ. আন্ডারগ্রাউন্ড রিজার্ভ ট্যাংক

আন্ডারগ্রাউন্ড রিজার্ভ ট্যাংক বাসার नीচে আন্ডার গাউন্ডে ব্যবহার করা হয়। এতে ওয়াসা অথবা গভীর নলকূপ থেকে পানি উত্তোলন করে রিজার্ভ করা হয়।



ওভারহেড ট্যাংক



আন্ডার গ্রাউন্ড রিজার্ভ ট্যাংক

### ড. ফ্লোর বা মেঝে

একটি বাল্ডিং এর যে কোনো স্তরের অংশ যা লোকেরা ব্যবহার করতে পারে যেমন (বাসস্থান, কাজ, স্টোরেজ বিনোদন ইত্যাদির জন্য) তাই ফ্লোর বা মেঝে।

### ঢ. ছাদ

ছাদ হল বাল্ডিং এর উপরের অংশ যে অংশ খোলা থাকে যে খানে মানুষ বসবাস করেনা।



ফ্লোর বা মেঝে




ছাদ

#### গ. পার্টিশন ওয়াল

পার্টিশন ওয়াল হল একটি বিভাজক প্রাচীর, সাধারণত লোডবিহীন, আবাসিক, বানিজ্যিক এবং শিল্প ভবনগুলিতে স্থানগুলিকে আলাদা করতে ব্যবহৃত হয়। এটি একটি অফিস পার্টিশন প্রাচীর হিসেবে কাজ করে। সাধারণত আলাদা অফিস বা মিটিং রুম তৈরী করতে ব্যবহৃত হয়।

#### ত. দরজা

দরজা হল একটি প্রতিবন্ধক যা বাসাবাড়ি এবং রুমকে নিরাপদ রাখতে সাহায্য করে, যা দরজা হিসেবে পরিচিত, একটি বন্ডিং প্রাচীর বা পার্টিশনের মাধ্যমে বন্ডিং এর কক্ষগুলি ভিতরে প্রবেশ দ্বারা ব্যবহার করা হয়।



পার্টিশন ওয়াল



দরজা

দরজা

#### থ. জানালা

জানালা হল একটি ভবনের খোলা অংশ যা বাতাস এবং আলো চলাচল করে।

#### দ. প্যারাপেট ওয়াল

প্যারাপেট একটি প্রাচীর ওয়াল বা একটি ছাদের চারপাশে ভারী রেলিং বা ইটের ওয়াল যা ছাদ এর উপরের লোকদের পড়ে যাওয়া রোধ করে।



জানালা

জানালা




প্যারাপেট ওয়াল

প্যারাপেট ওয়াল

#### ধ. সিঁড়ি

সিঁড়ি একটি শব্দ যা দুটি ফ্লোরের মধ্যে একটি সম্পূর্ণ ফ্লাটের সংযোগ প্রয়োগ করা হয়। সিঁড়ির মাঝখানে ল্যান্ডিং এর ধাপ থাকে।



সিঁড়ি

**সেলফ চেক (Self Check)- ১: বেসিক বিল্ডিং উপাদানগুলি সনাক্ত কর**

১. ব্যক্তিগত নিরাপত্তা বলতে কী বুঝায়?

উত্তর:

২. রড বাইল্ডিং কাজে ব্যবহৃত পাঁচটি পিপিই এর নাম লিখ।

উত্তর:

৩. কলামের কাজ লিখ।

উত্তর:

৪. বীমের কাজ লিখ।

উত্তর:

৫. সিড়ির কাজ লিখ।

উত্তর:

## উত্তরপত্র (Answer Key) ১: বেসিক বিল্ডিং উপাদানগুলি সনাক্ত কর

১. ব্যক্তিগত নিরাপত্তা বলতে কী বুঝায়?

**উত্তর:** দুর্ঘটনার হাত হতে নিজেকে রক্ষা করার জন্য প্রতিরোধক মূলক যে ব্যবস্থা গ্রহন করা হয় তাহাকে ব্যক্তিগত (Personal safety) নিরাপত্তা বলে।

২. রড বাইল্ডিং কাজে ব্যবহৃত পাঁচটি পিপিই এর নাম লিখ।

**উত্তর:**

- ডাস্ট মাস্ক
- লেদার হ্যান্ডগ্লোভস
- সেফটি হেলমেট
- সেফটি সু
- সেফটি এ্যাপ্রোন

৩. কলামের কাজ লিখ।

**উত্তর:** স্থাপত্য এবং কাঠামোগত প্রকৌশলে কলাম বা স্তম্ভ হল একটি কাঠামোগত উপাদান যা কম্প্রেশনের মাধ্যমে উপরের কাঠামোর ওজন নীচের অন্যান্য কাঠামোগত উপাদানগুলিতে প্রেরন করে। অন্য কথায়, একটি কলাম একটি কম্প্রেশন সদস্য যা কলামের মাধ্যমে লোড বেজ এ পৌছে দেয়।

৪. বীমের কাজ লিখ।


**উত্তর:** বিল্ডিং নির্মানের ক্ষেত্রে বীম হল একটি অনুভূমিক সদস্য যা কলামকে আবদ্ধ করে রাখে এবং কাঠামোর লোডকে কলামে রুপান্তরিত করে।

৫. সিঁড়ি কাজ লিখ।

**উত্তর:** সিঁড়ি একটি শব্দ যা দুটি ফ্লোরের মধ্যে একটি সম্পূর্ণ ফ্লাটের সংযোগ প্রয়োগ করা হয়। সিঁড়ির মাঝখানে ল্যান্ডিং এর ধাপ থাকে।






**টাস্কশিট (Task Sheet)-১.১: রড বাইন্ডিং এর মৌলিক কাজের জন্য নির্দিষ্ট পিপিই সনাক্ত এবং ব্যবহার কর**

**উদ্দেশ্য:** রড বাইন্ডিং এর মৌলিক কাজের জন্য নির্দিষ্ট পিপিই সনাক্ত এবং ব্যবহার করতে পারবে  
এ্যাকটিভিটি সম্পন্ন করার জন্য নিম্নের ধাপ গুলো অনুসরণ কর-

ধাপ -১	রড বাইন্ডিং এর মৌলিক কাজের জন্য নির্দিষ্ট সকল পিপিই একত্র কর।	
--------	---------------------------------------------------------------	-------------------------------------------------------------------------------------








**একটিভিটি (Activity Sheet) ১.১: রড বাইন্ডিং এর মৌলিক কাজের সকল পিপিই সনাক্ত ও ব্যবহার কর**

একটিভিটি সম্পন্ন করার জন্য নিম্নের ধাপ গুলো অনুসরণ কর।

ধাপ- ১	সেফটি হেলমেট শনাক্ত করে ব্যবহার কর।	
ধাপ- ২	রাবার হ্যান্ডগ্লোভস শনাক্ত করে ব্যবহার কর।	
ধাপ -৩	সেফটি গগলস শনাক্ত করে ব্যবহার কর।	
ধাপ -৪	সেফটি এ্যাপ্রোন শনাক্ত করে ব্যবহার কর।	
ধাপ -৫	রাবার গামবুট শনাক্ত করে ব্যবহার কর।	
ধাপ -৬	ডাস্ট মাস্ক শনাক্ত করে ব্যবহার কর।	

**টাস্কশিট (Task Sheet)-১.২: মডেল বিল্ডিং সংগ্রহ করে এর মৌলিক অংশ চিহ্নিত করে ব্যাখ্যা  
করণ**

**উদ্দেশ্য:** মডেল বিল্ডিং সংগ্রহ করে এর মৌলিক অংশ চিহ্নিত করে ব্যাখ্যা করতে পারবে।

<p>ধাপ-১</p>	<p>কাজ শুরু করার পূর্বে সকল প্রকার নিরাপত্তা নিশ্চিত করে এবং পিপিই পরিধান কর।</p>	
<p>ধাপ-২</p>	<p>বিল্ডিং এর বেজ চিহ্নিত করে ব্যাখ্যা কর।</p>	 <p align="center">বেজ</p>
<p>ধাপ-৩</p>	<p>বিল্ডিং এর বীম, ছাদ এবং কলাম চিহ্নিত করে ব্যাখ্যা কর।</p>	
<p>ধাপ-৪</p>	<p>বিল্ডিং এর দরজা চিহ্নিত করে ব্যাখ্যা কর।</p>	 <p align="center">দরজা</p>
<p>ধাপ-৫</p>	<p>বিল্ডিং এর জানালা চিহ্নিত করে ব্যাখ্যা কর।</p>	 <p align="center">জানালা</p>
<p>ধাপ-৬</p>	<p>বিল্ডিং এর সিঁড়ি চিহ্নিত করে বিভিন্ন অংশের ব্যাখ্যা কর।</p>	
<p>ধাপ-৭</p>	<p>কাজ শেষে কাজের জায়গা পরিষ্কার কর।</p>	



স্পেসিফিকেশন শিট (Spesification Sheet)-১.৩: বিভিন্ন এর প্রধান অংশ সমূহ শনাক্ত করে  
ব্যাখ্যা করণ

প্রয়োজনীয় পিপিই সমূহ

ক্রমিক	পিপিই এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	সেফটি সু	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী (চামড়ার)	জোড়া	০১
২	ডাস্ট মাস্ক	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী (কাপড়ের)	সংখ্যা	০১
৩	হ্যান্ড গ্লাভস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী (রাবারের)	জোড়া	০১
৪	সেফটি গগলস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী (প্লাস্টিক)	সংখ্যা	০১
৫	সেফটি হেলমেট	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী (প্লাস্টিক)	সংখ্যা	০১
৬	সেফটি এ্যাপ্রোন	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী (কাপড়ের)	সংখ্যা	০১

শিখনফল (Learning Outcome) - ২: রড বাইন্ডিং কাজের উপকরণগুলো সনাক্ত করতে পারবে

অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়া	<ol style="list-style-type: none"> <li>১. উপকরণ সংগ্রহ করে আলাদা করে টেবিলে রাখা হয়েছে</li> <li>২. উপকরণ চিহ্নিত এবং ট্যাগ লাগানো হয়েছে</li> <li>৩. উপকরণ ব্যবহার ব্যাখ্যা করা হয়েছে</li> </ol>
শর্ত ও রিসোর্স	<ol style="list-style-type: none"> <li>১. প্রকৃত কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ</li> <li>২. রড বাইন্ডিং কাজের জন্য উপকরণসমূহ;</li> <li>৩. সিবিএলএম</li> <li>৪. হ্যান্ডআউটস</li> <li>৫. ল্যাপটপ</li> <li>৬. মাল্টিমিডিয়া প্রজেক্টর</li> <li>৭. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার</li> <li>৮. ইন্টারনেট সুবিধা</li> <li>৯. হোয়াইট বোর্ড ও মার্কার</li> <li>১০. প্রয়োজনীয় হ্যান্ড টুলস</li> </ol>
বিষয়বস্তু	<ol style="list-style-type: none"> <li>১. রড বাঁধাই উপকরণ             <ul style="list-style-type: none"> <li>▪ MS বার (রড)</li> <li>▪ চক/মার্কার কলম</li> <li>▪ কাঠের বিভাগ/ জুগান</li> <li>▪ কাঠ/বাঁশের পোস্ট</li> <li>▪ পেরেক</li> <li>▪ সিমেন্ট</li> <li>▪ বালি</li> <li>▪ জল</li> <li>▪ মগ</li> <li>▪ বালতি</li> <li>▪ নাইলন স্ট্রিং</li> <li>▪ রাজমিস্ত্রির ট্রে/ প্যান</li> <li>▪ কাঠ ব্যাটেন</li> <li>▪ তারের বুরুশ</li> <li>▪ এমারি পেপার (ওয়াটার প্রুফ)</li> <li>▪ ড্রিল বিট</li> <li>▪ জিআই ওয়্যার</li> <li>▪ কাটিং ডিস্ক</li> </ul> </li> <li>২. ট্যাগিং পদ্ধতি</li> <li>৩. রড বাঁধাই উপকরণ ব্যবহার</li> </ol>

এক্টিভিটি/টাস্ক/জব	<ol style="list-style-type: none"> <li>১. রড বাঁধাই উপকরন শনাক্ত করন।</li> <li>২. ট্যাগ রড বাঁধাই উপকরন ।</li> <li>৩. রড বাঁধাই উপকরনের ব্যবহার করন।</li> </ol>
প্রশিক্ষণ পদ্ধতি	<ol style="list-style-type: none"> <li>১. আলোচনা (Discussion)</li> <li>২. উপস্থাপন (Presentation)</li> <li>৩. প্রদর্শন (Demonstration)</li> <li>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)</li> <li>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)</li> <li>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)</li> <li>৭. সমস্যা সমাধান (Problem Solving)</li> <li>৮. মাথাখাটানো (Brainstorming)</li> </ol>
অ্যাসেসমেন্ট পদ্ধতি	<ol style="list-style-type: none"> <li>১. লিখিত পরীক্ষা (Written Test)</li> <li>২. প্রদর্শন (Demonstration)</li> <li>৩. মৌখিক প্রশ্ন (Oral questioning)</li> </ol>

**প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) - ২: রড বাইন্ডিং কাজের উপকরণগুলো সনাক্ত করতে পারবে**

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন কর। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার কর

শিখন কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
১. এই মডিউলটির ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে।	১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “রড বাইন্ডিং কাজের উপকরণগুলো সনাক্ত করতে পারবে” শেখার উপকরণ প্রদান করবেন।
২. ইনফরমেশন শিট পড়তে হবে।	২. ইনফরমেশন শিট ২: রড বাইন্ডিং কাজের উপকরণগুলো সনাক্ত করতে পারবে।
৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে।	৩. সেলফ-চেক শিট ২-এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান কর উত্তরপত্র ২ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত কর
৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন কর	৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন কর টাস্ক শিট ২.১ রড বাইন্ডিং উপকরণ সংগ্রহ করে ট্যাগ কর। স্পেসিফিকেশন শিট ২.১: রড বাইন্ডিং উপকরণ সংগ্রহ করে ট্যাগ কর।

**ইনফরমেশন শিট (Information Sheet) ২ : রড বাইন্ডিং কাজের উপকরণগুলো সনাক্ত করতে পারবে**

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শিট পড়ে শিক্ষার্থীগণ-

- ২.১ উপকরণ সংগ্রহ করে আলাদাভাবে টেবিলে রাখা হয়েছে
- ২.২ উপকরণগুলি চিহ্নিত করা এবং ট্যাগ করা হয়েছে
- ২.৩ উপকরণের ব্যবহার ব্যাখ্যা করা হয়েছে

**২.১ রড বাঁধাই উপকরণ**

		
রড	বাঁশ	নেইল
		
চক /মাকার কলম	কাঠের বিভাগ/জুগান	এমারি পেপার
		
সিমেন্ট	বালি	
		
মগ	বালতি	নাইলন স্ট্রিং

		
প্যান	কাঠ ব্যাটেন	তারের ব্রাশ
		
ড্রিল বীট	জি আইওয়ার	কাটিং ডিস্ক

## ২.২ ট্যাগিং পদ্ধতি বর্ণনা

- প্রথমে মালামাল গুলো আলাধা ভাবে সাজাতে হবে
- কাগজে মালামালের নাম লিখতে হবে
- নাম লিখার পর কাগজ গুলো আলাদা করতে হবে
- কাগজের সাথে আইকা অথবা স্কচটেপ লাগাতে হবে
- মালামালের সাথে নাম অনুযায়ী ট্যাগ লাগাতে হবে
- ট্যাগ গুলো ভালোভাবে চেক করতে হবে

## ২.৩ মালামালের ব্যবহার

### ক. রড এর ব্যবহার

কম্প্রোকশন এর ক্ষেত্রে রড একটি ম্যাটেরিয়ালস যা টেনশন প্রতিরোধ করতে ব্যবহার করা হয়।

### খ. কাটিং ডিস্ক এর ব্যবহার

রড কাটার জন্য অথবা যে কোন মেটাল কাটার জন্য কাটিং ডিস্ক ব্যবহার করা হয়।

### গ. কাঠ এর ব্যবহার

রড বাঁকা করার কাজের জন্য ওয়াকিং বেঞ্চ দরকার আর ওয়ার্ক বেঞ্চ তৈরী করার জন্য কাঠ ব্যবহার করা হয়।

		
রড	কাটিং ডিস্ক	কাঠ

**ঘ. নেইল এর ব্যবহার**

ওয়ার্ক বেঞ্চ তৈরী করতে নেইল এর ব্যবহার করা হয় ।

**ঙ. বাঁশ এর ব্যবহার**

ওয়ার্ক বেঞ্চ তৈরী করতে বাঁশ ব্যবহার করা হয় ।

**চ. এমারি পেপার এর ব্যবহার**

রডের গায়ের ডাস্ট এবং মরিচা পড়া রডকে ঘষে ডাস্ট এবং মরিচা প্রতিরোধী করার জন্য এমারি পেপার ব্যবহার করা হয়।

		
নেইল	বাঁশ	এমারি পেপার

**ছ. কাঠের বিভাগ/জুগান এর ব্যবহার**

রড বাঁকা করার জন্য জোগান ব্যবহার করা হয়

**জ. সিমেন্ট এর ব্যবহার**

সিমেন্ট জোড়ক পদার্থ হিসাবে ব্যবহার করা হয় ।

**ঝ. বালি এর ব্যবহার**

বালি কম্প্রাকশন কাজের একটি উপাদান যাহা সাধারণত ঢালাই কাজের জন্য বেশী ব্যবহৃত হয়

		
কাঠের বিভাগ/জুগান	সিমেন্ট	বালি

**ঞ. জল এর ব্যবহার**

জল সাধারণত কম্প্রাকশন কাজে মসলা মিক্সার করার জন্য ব্যবহার

**ট. মগ এর ব্যবহার**

মগ সাধারণত কম্প্রাকশন কাজে মসলায় পানি অথবা গ্রাউটিং দেওয়ার জন্য ব্যবহার করা হয় ।

**ঠ. বালতি এর ব্যবহার**

বালতি সাধারণত কম্প্রাকশন কাজে পানি রাখার জন্য গ্রাউটিং মিক্সার করার জন্য ব্যবহার করা হয় ।

		
জল	মগ	বালতি

ড. নাইলন স্ট্রিং ব্যবহার

রশি সাধারণত রডের কাজে স্ক্যাকাফোল্ডিং তৈরীর কাজে ব্যবহার করা হয়।

ঢ. প্যান এর ব্যবহার

মালামাল আনা নেওয়ার কাজে ব্যবহার করা হয়

ণ. তারের ব্রাশ এর ব্যবহার

কোন কিছু ঘষে পরিষ্কার করার জন্য ব্যবহার করা হয়



		
নাইলন স্ট্রিং	প্যান	তারের ব্রাশ

ত. ড্রীল বীট এর ব্যবহার

কোন কিছু ছিদ্র করার জন্য ব্যবহার করা হয়

থ. জি আইওয়ার এর ব্যবহার

জি আই ওয়ার কোন কিছু বাঁধাই করার জন্য ব্যবহার করা হয়

	
ড্রীল বীট	জি আইওয়ার

**সেলফ চেক (Self Check)-২: রড বাইন্ডিং কাজের উপকরণগুলো সনাক্ত কর**

১. রড বাইন্ডিং কাজে ব্যবহৃত পাঁচটি মালামাল এর নাম লিখ।

উত্তর:

২. মালামাল ট্যাগিং করার পদ্ধতি লিখ।

উত্তর:

৩. সিমেন্ট এর ব্যবহার লিখ।

উত্তর:

৪. এমারি পেপারের ব্যবহার লিখ।

উত্তর:

৫. জি আই ওয়ারের ব্যবহার লিখ।

উত্তর:

## উত্তরপত্র (Answer Key) - ২.১: রড বাইন্ডিং কাজের উপকরণগুলো সনাক্ত কর

১. রড বাইন্ডিং কাজে ব্যবহৃত পাঁচটি মালামাল এর নাম লিখ।

উত্তর:

- রড
- জি আই ওয়ার
- এমারি পেপার
- চক
- বাঁশ

২. মালামাল ট্যাগিং করার পদ্ধতি লিখ।

উত্তর:

- প্রথমে মালামাল গুলো আলাধা ভাবে সাজাতে হবে
- কাগজে মালামালের নাম লিখতে হবে
- নাম লিখার পর কাগজ গুলো আলাদা করতে হবে
- কাগজের সাথে আইকা অথবা কসটেপ লাগাতে হবে
- মালামালের সাথে নাম অনুযায়ী ট্যাগ লাগাতে হবে
- ট্যাগ গুলো ভালোভাবে চেক করতে হবে

৩. সিমেন্ট এর ব্যবহার লিখ।

উত্তর: সিমেন্ট জোড়ক পদার্থ হিসাবে ব্যবহার করা হয়।

৪. এমারি পেপারের ব্যবহার লিখ।

উত্তর: রডের গায়ের ডাস্ট এবং মরিচা পড়া রডকে ঘষে ডাস্ট এবং মরিচা প্রতিরোধী করার জন্য এমারি পেপার ব্যবহার করা হয়।

৫. জি আই ওয়ারের ব্যবহার লিখ।

উত্তর: জি আই ওয়ার কোন কিছু বাঁধাই করার জন্য ব্যবহার করা হয়।

## টাস্ক শিট (Task Sheet) ২.১ : রড বাইন্ডিং কাজের জন্য মালামাল সংগ্রহ করে ট্যাগ কর

**উদ্দেশ্য:** রড বাইন্ডিং কাজের জন্য মালামাল সংগ্রহ করে ট্যাগ করতে পারবে।

### কাজের ধাপ:

১. কাজ শুরু করার পূর্বে সকল প্রকার নিরাপত্তা নিশ্চিত করুন এবং পিপিই পরিধান কর।
২. রড বাইন্ডিং কাজে ব্যবহৃত মালামাল সংগ্রহ কর
৩. রড বাইন্ডিং কাজে ব্যবহৃত মালামাল সংগ্রহ করে আইটেম অনুযায়ী আলাদা কর
৪. আইটেম অনুযায়ী কাগজে নাম গুলো লিখে ফেল
৫. নাম লিখার পরে গাম অথবা কসটেপ ব্যবহার কর
৬. আইটেম অনুযায়ী গায়ে ট্যাগ কর
৭. কাজ শেষে কাজের জায়গা পরিষ্কার কর

**স্পেসিফিকেশন শিট (Spesification Sheet)-২.১: রড বাইন্ডিং কাজের জন্য মালামাল সংগ্রহ করে ট্যাগ কর**

কাজের শর্তাবলী:

- মূল্যায়নের সময় আপনাকে অবশ্যই নিরাপদ অপারেশন পদ্ধতি অনুশীলন করতে হবে।
- নিচের মালামাল গুলো সংগ্রহ করে আলাদা আইটেম অনুযায়ী ট্যাগ করতে হবে

		
রড	এমারি পেপার	জিআই তার
		
কাঠ	বালু	চক

প্রয়োজনীয় পিপিই সমূহ

ক্রমিক	পিপিই এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	সেফটি সু	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী (চামড়ার)	জোড়া	০১
২	ডাস্ট মাস্ক	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী (কাপড়ের)	সংখ্যা	০১
৩	হ্যান্ড গ্লাভস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী (রাবারের)	জোড়া	০১
৪	সেফটি গগলস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী (প্লাস্টিক)	সংখ্যা	০১
৫	সেফটি হেলমেট	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী (প্লাস্টিক)	সংখ্যা	০১
৬	সেফটি এ্যাপ্রোন	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী (কাপড়ের)	সংখ্যা	০১

প্রয়োজনীয় মালামাল

ক্রমিক	মালামাল এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	রড	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	কেজি	০১
২	চক	কালার	সংখ্যা	০১
৩	এমারি পেপার	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৪	জিআই তার	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	কেজি	০১
৫	বালু	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	কেজি	০১
৬	কাঠ	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১

শিখনফল (Learning Outcome) - ৩: ড্রয়িং এবং স্পেসিফিকেশন ব্যাখ্যা করতে পারবে

অ্যাসেসমেন্ট মানদণ্ড	<ol style="list-style-type: none"> <li>১. প্রাসঙ্গিক ড্রয়িং চিহ্নিত করা হয়েছে</li> <li>২. স্পেসিফিকেশন ব্যাখ্যা করা হয়েছে</li> <li>৩. শর্তাবলী এবং সংক্ষিপ্ত বিবরণগুলো প্রাসঙ্গিক ড্রয়িং থেকে ব্যাখ্যা করা হয়েছে;</li> <li>৪. বার সিডিউল ব্যাখ্যা করা হয়েছে</li> </ol>
শর্ত ও রিসোর্স	<ol style="list-style-type: none"> <li>১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ</li> <li>২. সিবিএলএম</li> <li>৩. হ্যান্ডআউটস</li> <li>৪. ল্যাপটপ</li> <li>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর</li> <li>৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার</li> <li>৭. ইন্টারনেট সুবিধা</li> <li>৮. হোয়াইট বোর্ড ও মার্কার</li> <li>৯. অডিও ভিডিও ভিভাইস</li> </ol>
বিষয়বস্তু	<ol style="list-style-type: none"> <li>১. প্রাসঙ্গিক অঙ্কন</li> <li>২. বার সিডিউল</li> <li>৩. স্পেসিফিকেশন</li> <li>৪. শর্তাবলী এবং সংক্ষিপ্ত রূপ</li> </ol>
জব/টাস্ক/অ্যাক্টিভিটি	<ol style="list-style-type: none"> <li>১. প্রাসঙ্গিক অঙ্কন শনাক্ত কর</li> <li>২. স্পেসিফিকেশন ব্যাখ্যা কর</li> <li>৩. টাম এবং সংক্ষিপ্ত রূপ ব্যাখ্যা কর</li> <li>৪. বার সূচি ব্যাখ্যা কর</li> </ol>
প্রশিক্ষণ পদ্ধতি	<ol style="list-style-type: none"> <li>১. আলোচনা (Discussion)</li> <li>২. উপস্থাপন (Presentation)</li> <li>৩. প্রদর্শন (Demonstration)</li> <li>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)</li> <li>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)</li> <li>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)</li> <li>৭. সমস্যা সমাধান (Problem Solving)</li> <li>৮. মাথাখাটানো (Brainstorming)</li> </ol>
অ্যাসেসমেন্ট পদ্ধতি	<ol style="list-style-type: none"> <li>১. লিখিত অভীক্ষা (Written Test)</li> <li>২. প্রদর্শন (Demonstration)</li> <li>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning)</li> </ol>

## প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities)-৩: ড্রয়িং এবং স্পেসিফিকেশন ব্যাখ্যা করতে পারবে

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন কর। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার কর।

শিখন কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
১. এই মডিউলটির ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে।	১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “ড্রয়িং এবং স্পেসিফিকেশন ব্যাখ্যা করতে পারবে” শেখার উপকরণ প্রদান করবেন।
২. ইনফরমেশন শিট পড়তে হবে।	২. ইনফরমেশন শিট ৩: ড্রয়িং প্ল্যান থেকে চিহ্ন, প্রতিক এর ব্যাখ্যা করা।
৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে।	৩. সেলফ-চেক শিট ৩: এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান কর উত্তরপত্র ৩ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত কর
৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন কর।	৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন কর টাস্ক শিট- ৩.১: ড্রয়িং থেকে সাইন, সিম্বল এবং স্পেসিফিকেশন চিহ্নিত করে ব্যাখ্যা কর। স্পেসিফিকেশন শিট ৩.১: ড্রয়িং থেকে সাইন, সিম্বল এবং স্পেসিফিকেশন চিহ্নিত করে ব্যাখ্যা কর।

## ইনফরমেশন শিট (Information Sheet)-৩: ড্রয়িং এবং স্পেসিফিকেশন ব্যাখ্যা করতে পারবে

শিখন উদ্দেশ্য (Objective): এই ইনফরমেশন শিট পাঠে শিক্ষার্থীগণ-

- ৩.১ প্রাসঙ্গিক অঙ্কন সম্পর্কে বর্ণনা করতে পারবে
- ৩.২ বারসিডিউল সম্পর্কে বর্ণনা করতে পারবে
- ৩.৩ স্পেসিফিকেশন সম্পর্কে বর্ণনা করতে পারবে
- ৩.৪ শর্তাবলী এবং সংক্ষিপ্ত রূপ সম্পর্কে বর্ণনা করতে পারবে

### ৩.১ প্রাসঙ্গিক অঙ্কন

একটি প্রকৌশল অঙ্কন হল এক ধরনের প্রযুক্তিগত অঙ্কন যা একটি বস্তু সম্পর্কে তথ্য জানাতে ব্যবহৃত হয়। একটি সাধারণ ব্যবহার হল একটি উপাদান নির্মাণের জন্য প্রয়োজনীয় জ্যামিতি নির্দিষ্ট করা এবং একটি বিশদ অঙ্কন বলা হয়।

#### ক. টেকনিক্যাল ড্রয়িং

টেকনিক্যাল ড্রয়িং, ড্রাফটিং নামেও পরিচিত, কোনো কিছু কীভাবে কাজ করে বা কীভাবে এটি তৈরি করা হয় তার একটি বিশদ গ্রাফিক উপস্থাপনা।

#### খ. স্কেচ

একটি মোটামুটি অঙ্কন একটি বস্তু বা দৃশ্যের প্রধান বৈশিষ্ট্যগুলিকে উপস্থাপন করে এবং প্রায়শই একটি প্রাথমিক অধ্যয়ন হিসাবে তৈরি করা হয়। এটাকে ফ্রি হ্যান্ড ড্রয়িং ও বলে নিজের ইচ্ছা মতো আকা।

### ৩.২ বার সিডিউল সম্পর্কে বর্ণনা

বার সিডিউল বলতে বুঝায় কম্প্রাকশনে কাজ করতে হলে চাপ শক্তি প্রতিহত করে কংক্রিট এবং টান শক্তি প্রতিহত করে রড তাই একটি টেবিলে বারের প্রয়োজনীয় দৈর্ঘ্য, সাইজ, ওজন, রডের সংখ্যা দেওয়া থাকে আর এটাকেই বলে বার সিডিউল। বার সিডিউল দেওয়া থাকলে রডের অপচয় কম হয়।

স্ট্যান্ডার্ড গ্রেড অনুসারে শক্তি বৃদ্ধি বারগুলি নম্বলখিতি ধরনের মধ্যে শ্রেণীবদ্ধ করা হয়েছে:

- গ্রেড ৪০ (৪০০০০ পি এস আই বা ২৮০ এমপি এ)
- গ্রেড ৬০ (৬০০০০ পি এস আই ৪২০ এমপি এ)
- গ্রেড ৭৫ (৭৫০০০ পি এস আই বা ৫২০ এমপি এ)
- গ্রেড ৮০ (৮০০০০ পি এস আই বা ৫৫০ এমপি এ)
- গ্রেড ১০০ (১০০০০০ পি এস আই বা ৬৯০ এমপি এ)

### ৩.৩ স্পেসিফিকেশন সম্পর্কে বর্ণনা

#### ক. মালামালের স্পেসিফিকেশন

স্পেসিফিকেশন অনুযায়ী মালামাল সংগ্রহ করতে হবে কারন প্রত্যেকটি মালের নির্দিষ্ট স্পেসিফিকেশন আছে, স্পেসিফিকেশন দেওয়া থাকলে মালামাল যাচাই বাছাই করতে সুবিধা হয়।

যেমন: সিমেন্ট এর স্পেসিফিকেশন বলতে বুঝায় কোন কোম্পানির সিমেন্ট এবং কত কেজির প্যাকেট।

খ. মালামালের প্রকার

মালামালের প্রকার ভেদ বলতে বুঝায় কাজ করার সময় কত ধরনের মালামাল ব্যবহার করা হয় আর আলাদা আলাদা প্রত্যেক ধরনের মালামালকেই মালামালের প্রকার ভেদ বলে।

গ. কাজের মান

কাজের মান বলতে বুঝায় স্পেসিফিকেশন ও চাহিদা অনুযায়ী কাজ করা কাজের আউটপুট দেখে কাজের মান নির্ণয় করা যায়। কাজের মান নির্ণয় এর জন্য কাজে নির্দেশনা গাইড লাইন, ড্রয়িং, স্পেসিফিকেশন, সময়, সেফটি মেনে কাজ করতে হবে।

ঘ. টলারেন্স

টলারেন্স বলতে বুঝায় সহনীয় ব্যবধান বা গ্রহন যোগ্য ব্যবধান যার জন্য কাজের সমস্যা হয়না যা মানিয়ে নিয়ে কাজ করা যায়।

ঙ. ফিনিসিং এবং ত্রুটি দুরীকরণ

কোন কাজ শেষ করাকেই ফিনিসিং বলে ফিনিসিং এর পরে যদি কোন সমস্যা খুজে পাওয়া যায় আর এই সমস্যা অনুযায়ী সমস্যা সমাধান করাই ত্রুটি দুরীকরণ।

৩.৪ শর্তাবলী এবং সংক্ষিপ্ত রূপ একটি সংক্ষিপ্ত রূপ একটি লিখিত শব্দ বা বাক্যাংশের একটি সংক্ষিপ্ত রূপ। সংক্ষিপ্ত রূপগুলি স্থান এবং সময় বাঁচাতে, দীর্ঘ শব্দ এবং বাক্যাংশের পুনরাবৃত্তি এড়াতে বা কেবল প্রচলিত ব্যবহারের সাথে সামঞ্জস্য রাখতে ব্যবহার করা হয়।

ক. চিহ্ন

একটি চিহ্ন প্রধানত লোকদের সতর্ক করতে, তাদের অবহিত করতে বা নির্দিষ্ট কিছু ক্ষেত্রে তাদের আচরণ নিয়ন্ত্রণ করতে ব্যবহৃত হয়। একটি চিহ্ন অনুসরণ করা বাধ্যতামূলক কারণ এটি আপনার সাথে গুরুত্বপূর্ণ তথ্য যোগাযোগ করছে।

খ. প্রতীক


একটি প্রতীক এমন একটি জিনিস যা নির্দিষ্ট গোষ্ঠী বা সাধারণ জনগণ দ্বারা গৃহীত হয়। এটি বিভিন্ন ব্যাকগ্রাউন্ডের লোকেরা ভিন্নভাবে ব্যাখ্যা করতে পারে।

গ. কন্ট্রাকশন সেফটি সাইন



ঘ. কন্সট্রাকশন সিম্বল



**সেলফ চেক (Self Check)-৩: ড্রয়িং এবং স্পেশিফিকেশন ব্যাখ্যা কর**

১. টেকনিক্যাল ড্রয়িং বলতে কী বুঝায়?

**উত্তর:**

২. স্কেচ বলতে কী বুঝায়?

**উত্তর:**

৩. চিহ্ন কেন ব্যবহার করা হয়?

**উত্তর:**

৪. প্রতিক কেন ব্যবহার করা হয়?

**উত্তর:**

## উত্তরপত্র (Answer Key) -৩: ড্রয়িং এবং স্পেশিফিকেশন ব্যাখ্যা কর

১. টেকনিক্যাল ড্রয়িং বলতে কী বুঝায়?

**উত্তর:** টেকনিক্যাল ড্রয়িং, ড্রাফটিং নামেও পরিচিত, কোনো কিছু কীভাবে কাজ করে বা কীভাবে এটি তৈরি করা হয় তার একটি বিশদ গ্রাফিক উপস্থাপনা।

২. স্কেচ বলতে কী বুঝায়?

**উত্তর:** একটি মোটামুটি অঙ্কন একটি বস্তু বা দৃশ্যের প্রধান বৈশিষ্ট্যগুলিকে উপস্থাপন করে এবং প্রায়শই একটি প্রাথমিক অধ্যয়ন হিসাবে তৈরি করা হয়। এটাকে ফ্রি হ্যান্ড ড্রয়িং ও বলে নিজের ইচ্ছা মতো আকা।

৩. চিহ্ন কেন ব্যবহার করা হয়?

**উত্তর:** একটি চিহ্ন প্রধানত লোকেদের সতর্ক করতে, তাদের অবহিত করতে বা নির্দিষ্ট কিছু ক্ষেত্রে তাদের আচরণ নিয়ন্ত্রণ করতে ব্যবহৃত হয়। একটি চিহ্ন অনুসরণ করা বাধ্যতামূলক কারণ এটি আপনার সাথে গুরুত্বপূর্ণ তথ্য যোগাযোগ করছে।

৪. প্রতীক কেন ব্যবহার করা হয়।

**উত্তর:** একটি প্রতীক এমন একটি জিনিস যা নির্দিষ্ট গোষ্ঠী বা সাধারণ জনগণ দ্বারা গৃহীত হয়। এটি বিভিন্ন ব্যাকগ্রাউন্ডের লোকেরা ভিন্নভাবে ব্যাখ্যা করতে পারে।

## টাস্কশীট (Task sheet) ৩.১: ড্রয়িং থেকে সাইন, সিম্বল এবং স্পেসিফিকেশন চিহ্নিত কর

উদ্দেশ্য: ড্রয়িং থেকে সাইন, সিম্বল এবং স্পেসিফিকেশন চিহ্নিত করতে পারবে।

কাজের ধাপ:

১. প্রয়োজনীয় পিপিই সংগ্রহ এবং পরিধান কর।
২. প্রয়োজনীয় মালামাল সংগ্রহ কর।
৩. প্রয়োজনীয় ড্রয়িং সংগ্রহ কর।
৪. ড্রয়িং দেখে প্রতিক চিহ্নিত এবং ব্যাখ্যা কর।
৫. ড্রয়িং দেখে চিহ্ন চিহ্নিত এবং ব্যাখ্যা কর।
৬. কাজ শেষে ড্রয়িং শীট সঠিক ভাবে গুছিয়ে রাখ।
৭. কাজের জায়গা সঠিক নিয়ম অনুযায়ী পরিষ্কার কর।

**স্পেসিফিকেশন শিট (Specification Sheet)- ৩.১: ড্রয়িং থেকে সাইন ,সিঙ্ল এবং  
স্পেসিফিকেশন চিহ্নিত কর**

ড্রয়িং, সাইন, সিঙ্ল	

**প্রয়োজনীয় পিপিই সমূহ**

ক্রমিক	পিপিই এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	সেফটি সু	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	জোড়া	০১
২	মাস্ক	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৩	সেফটি হেলমেট	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৪	হ্যান্ড গ্লাভস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	জোড়া	০১
৫	সেফটি গগলস	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১
৬	এ্যাপ্রোন	স্ট্যান্ডার্ড মাপ অনুযায়ী	সংখ্যা	০১

**মালামাল**

ক্রমিক	মালামালের নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	ড্রয়িং শীট	প্রয়োজন অনুযায়ী	সংখ্যা	০১
২	পেন্সিল	এইচ বি	সংখ্যা	০১

**শিখনফল (Learning Outcome) - ৪: প্রাথমিক পরিমাপ এবং হিসাবের কাজ সম্পাদন করতে পারবে**

অ্যাসেসমেন্ট মানদণ্ড	<ol style="list-style-type: none"> <li>১. পরিমাপ ইউনিটগুলো ব্যাখ্যা করা হয়েছে;</li> <li>২. প্রয়োজন অনুযায়ী পরিমাপক যন্ত্র নির্বাচন করা হয়েছে;</li> <li>৩. পরিমাপক যন্ত্র ব্যবহার করে বিভিন্ন সেপের পরিমাপ গ্রহণ করা হয়েছে;</li> <li>৪. প্রয়োজনীয় উপকরণ হিসাব করা হয়েছে;</li> </ol>
